



স্মারক নং- ইআবি/পনি/কামিল ১ম ও ২য় পর্ব পরীক্ষা/২০২৩/২০২৫/ ২৩৯

তারিখ:-২১/০৮/২০২৫খ্রি.

বিজ্ঞপ্তি

কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৩ এর অলিখিত উত্তরপত্র ও

আনুষঙ্গিক মালামাল বিতরণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৩ আগামী ০৩/০৫/২০২৫ খ্রিস্টাব্দ থেকে দেশব্যাপী একযোগে শুরু হবে। কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৩ এর নিম্নলিখিত ছকে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ করা হবে।

পরীক্ষার নাম	বিভাগ	বিতরণের তারিখ	বার ও সময়	বিতরণের স্থান
কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব	চট্টগ্রাম, সিলেট রাজশাহী ও রংপুর	২৭/০৮/২০২৫	০৯.০০ থেকে ০২.০০ রবিবার	“পরীক্ষা ভবন” ভবন-২ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
	ঢাকা ও ময়মনসিংহ বরিশাল, খুলনা	২৮/০৮/২০২৫	০৯.০০ থেকে ০২.০০ সোমবার	

উপরিলিখিত সূচি মোতাবেক কেন্দ্রের জন্য অলিখিত উত্তরপত্র, আনুষঙ্গিক মালামাল গ্রহণের জন্য অনুরোধ করা হল। অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল গ্রহণের জন্য প্রতিনিধির ক্ষেত্রে অবশ্যই Authorization জমা দিতে হবে।

সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে ৩ (তিন) থেকে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট শিক্ষক (প্রভাষক পদের নিচে নয়) সমন্বয়ে ১ (এক) টি পরীক্ষা পরিচালনা কমিটি গঠনের তালিকা, জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রতিনিধিত্ব করে অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল গ্রহণের সময় পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

বিঃদ্র: অলিখিত উত্তরপত্র এবং আনুষঙ্গিক মালামাল নির্ধারিত তারিখেই বুকে ও মিলিয়ে নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

জরুরী প্রয়োজনে

কামিল ১ম পর্ব : ০১৭১৯-৩০২০৪০

কামিল ২য় পর্ব : ০১৭৪৫-৪১৭১২৫

মোহাম্মদ আলী

পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি/কামিল ১ম ও ২য় পর্ব পরীক্ষা/২০২৩/২০২৫/ ২৩৯

তারিখ: ২১/০৮/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষা কেন্দ্র, সংশ্লিষ্ট কামিল মাদরাসা পরীক্ষা-২০২৩।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলরের মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব সকল, (প্রো- ভাইস চ্যান্সেলরের মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. অফিস কপি।

মো: মুশফিকুর রহমান ফিরোজ

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।